

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৫৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য বৈধ হলো তার নিকটাত্মীয় মুশরিক ব্যক্তির সাথে সুসম্পর্ক বজায় রাখা, যখন তাদের ইসলাম গ্রহণের আশা থাকে

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ صِلَّةَ قَرَابَتِهِ مِنَ أَهْلِ الشِّرْكِ إِذَا طَمِعَ فِي إِسْلَامِهِمْ

আরবী

أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا مَخْلَدُ بْنُ مَالِكِ السَّلْمَسِينِيُّ قَالَ: حَدَّثَنَا مُصِعْبُ بْنُ مَاهَانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ: أَنَّ أَسْمَاءَ سَأَلَتِ النَّبِيَّ مَا لَكُ عَنْ سُفْيَانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عَنْ عَائِشَةَ: أَنَّ أَسْمَاءَ سَأَلَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أُمِّ لَهَا مُشْرِكَةٍ قَالَتْ: جَاءَتْنِي رَاغِبَةً رَاهِبَةً أَصِلُها قَالَ: (نعم.) الراوي : عَائِشَة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : عَائِشَة ا المحدث : العلامة حكم المحدث: صحيح ابن حبان الصفحة أو الرقم: 454 ا خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৪৫৪. 'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আসমা বিনতু আবী বকর রাদ্বিয়াল্লাহু আনহুমা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁর মুশরিকা মা সম্পর্কে জিজ্ঞেস করেন, তিনি বলেন: "আমার মা একদিকে আশাবাদী অপরদিকে কিছুটা ভীতু হয়ে আমার কাছে এসেছেন, আমি কি তার সাথে সদাচারণ করবো?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হ্যাঁ।" (তার সাথে সদাচারণ করো।)[1]

ফুটনোট

[1] মুসনাদ আশ শাফি'ঈ: ১০০ পৃষ্ঠা; সুনান বাইহাকী: ৪/১৯১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪২৫; মুসনাদ আহমাদ: ৬/৩৪৪; হুমাইদী: ৩১৮; সহীহ আল বুখারী: ৫৯৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান লিগাইরিহী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৬৮)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন